



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নম্বর-বিঅ-৬/৩৭৪

তারিখ : ১৯-০৬-২০২৩ খ্রি.

বিষয় : নবম/দশম শ্রেণিতে পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : ক) বিদ্যালয় মঞ্জুরি কমিটির ১৪-০৬-২০২৩ খ্রি. তারিখের ৫৭তম সভার সিদ্ধান্ত।

খ) প্রধান শিক্ষকের ২৪-০৬-২০২৩ খ্রি. তারিখের অনলাইন আবেদন (আইডি নম্বর-১০৬৫)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিগত ১৪-০৬-২০২৩ খ্রি. তারিখের ৫৭তম বিদ্যালয় মঞ্জুরি কমিটির ০৪ নং (চার) আলোচ্যসূচির ০৩ নং (তিন) ক্রমিকের সিদ্ধান্ত অনুযায়ী ০১-০১-২০২২ খ্রি. তারিখ হতে ৯ম শ্রেণি ও ০১-০১-২০২৩ খ্রি. তারিখ হতে ১০ম শ্রেণিতে ০৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক পর্যায়ে (৯ম ও ১০ম শ্রেণি) পাঠদানের অনুমতি প্রদান করা হলো।

### শর্তসমূহ:

- ১। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে NTRCA আইন-২০০৫ অনুসরণ করতে হবে।
- ২। পাঠদানের প্রাথমিক অনুমতিকে ০৩ (তিন) বছরের জন্য প্রদান করা হলো। কোন অবস্থাতেই একে স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না।
- ৩। এই পত্র ইস্যুর তারিখ থেকে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিধি মোতাবেক নিয়মিত কমিটি গঠনপূর্বক অনুমোদনের জন্য অবশ্যই বোর্ডে দাখিল করতে হবে তবে যে সকল বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি চলমান আছে সেক্ষেত্রে শর্তটি প্রযোজ্য হবেনা।
- ৪। একাডেমিক স্বীকৃতির জন্য পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠানকে অনুমতিপ্রাপ্ত স্তরের কমপক্ষে ০৩ (তিন) বার সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের আওতাধীন পাবলিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ৫। আবেদনকারী প্রতিষ্ঠানকে সর্বশেষ পাঠদান নীতিমালা-২০২২ অনুযায়ী পরিশিষ্ট-২ ও পরিশিষ্ট-৩ এ উল্লিখিত শর্তাবলীপূরণ করতে হবে।
- ৬। উক্ত মেয়াদের মধ্যে স্বীকৃতি প্রাপ্তির সকল শর্ত পূরণে ব্যর্থ হলে এবং পাঠদানের অনুমতি নবায়ন না করা হলে উক্ত অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। সেক্ষেত্রে উক্ত বিদ্যালয় পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বিরত হবে।
- ৭। শিক্ষা মন্ত্রণালয়ের ১৬-০৬-২০০৯ তারিখের এস.আর. ও নং ১৫৩/আইন/২০০৯ নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে।
- ৮। সিলেবাস অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে।
- ৯। বোর্ডের পূর্বানুমতি ছাড়া সংরক্ষিত তহবিলের অর্থ কোনক্রমেই উত্তোলন করা যাবে না।
- ১০। জাতীয় দিবসসমূহ উদযাপন এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের আয়োজন করতে হবে।
- ১১। স্বতন্ত্র গৃহগতর থাকতে হবে এবং পুস্তক সংখ্যা কাম্য পরিমাণে উন্নীত করতে হবে। পাঠ্য সহায়ক ও মুক্তিযুদ্ধের উপর বই থাকতে হবে। কোনো ধরনের নোট বই/গাইড বই রাখা যাবে না। বাংলা একাডেমী প্রকাশিত অভিধানসমূহ ক্রয় করতে হবে।
- ১২। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মহিলা কোটা অবশ্যই পূরণ করতে হবে। নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন-ভাতাদি প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

রাঙ্গিয়ারপোতা নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (১১৬৪৫৬)

ঝিনাইদহ সদর, ঝিনাইদহ

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাক্ষরিত

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

স্মারক নম্বর-বিঅ-৬/৩৭৪(১-১২)

তারিখ : ১৯-০৬-২০২৩ খ্রি.

অবগতির জন্যে অনুলিপি প্রেরিত হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৪। উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৫। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ।
- ৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
- ৯। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ১০। পি. এস. টু. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ১১। সংরক্ষণ নথি

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

১৯/০৬/২৩